



ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী তাঁর স্বাগত বক্তব্যে উল্লেখ করেন যে, ২০১৭ সালের মাত্র চার মাস বাকি আছে এবং এই স্বল্প সময়ের মধ্যে কাজিকত লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য সকলের সর্বাত্মক প্রচেষ্টা চালাতে হবে, এজন্য তিনি সকলকে আরও কঠোর পরিশ্রম করার আহ্বান জানান। তিনি ২০১৭ সমাপনীতে ব্যবসায়িক অগ্রগতি অর্জনে শাখা ব্যবস্থাপকদের দিকনির্দেশনা প্রদান করেন। তিনি বলেন নন-ফান্ডেড বিজনেস বাড়াতে হলে নতুন নতুন কাস্টমার খুঁজে বের করতে হবে, নতুন নতুন ডিপোজিট একাউন্ট খুলতে হবে এবং সর্বক্ষেত্রে খরচ কমাতে হবে। তিনি আরও বলেন কাস্টমারগণ আমাদের অঙ্গকার এবং শাখা ব্যবস্থাপকগণ অবশ্যই তাদের শাখায় সেবার মান আরও উন্নত পর্যায়ে নিয়ে যাবেন যাতে ব্যাংকিং এর জন্য সকলে এসআইবিএলকেই বেছে নেয়। এজন্য শাখা ব্যবস্থাপকসহ ব্যাংকের সকল কর্মকর্তার ব্যাংকের বিভিন্ন সূচক সম্পর্কে ধারণা থাকতে হবে, যাতে সহজেই কাস্টমারদের কাছে ব্যাংকের ইতিবাচক দিক



এসব শাখা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তিনিও নতুন বিনিয়োগের পাশাপাশি সিএল, রাইট অফ এবং ওভারডিউ নিয়মিতকরণে বিশেষ গুরুত্বারোপ এবং সামনের দিনগুলোতে যাতে নতুনভাবে কোন বিনিয়োগ ক্লাসিফাইড না হয় সে দিকে ম্যানেজারদের খেয়াল রাখার পরামর্শ দেন।



উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ ইউনুস আলী তাঁর আওতাধীন শাখাসমূহের বিভিন্ন ইতিবাচক এবং নেতিবাচক বিষয় নিয়ে খোলামেলা আলোচনা করেন এবং শাখাসমূহকে আগামী ডিসেম্বর নাগাদ ব্যাংকের লাভজনকতা যাতে একটি সম্মানজনক অবস্থানে থাকে সে বিষয়ে নানা দিকনির্দেশনা প্রদান করেন।

উপস্থিত প্রধান কার্যালয়ের বিভাগীয় প্রধানগণ এবং শাখা ব্যবস্থাপকগণ আলোচনার স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করেন। সকলের প্রাচুর্য আলোচনা ও মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্তৃক প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান ও পারস্পরিক ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার কার্যক্রম শেষ হয়।



Social Islami Bank Limited

সুস্থতা ও সমৃদ্ধি